

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৫.২০২২. ১১৬


২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ২০ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব রহিমা খাতুন, সাবেক প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ, বর্তমানে সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান), কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে দায়িত্ব গ্রহণের পর হতে বিদ্যালয় পরিচালনায় সরকারি নিয়ম-কানুন না মেনে করোনা মহামারী সময় শিক্ষার্থীদের নিকট থেকে ১২৩০ (বারোশত ত্রিশ) টাকা করে অতিরিক্ত অর্থ উত্তোলন করার এবং সরকারি নীতিমালা উপেক্ষা করে বিভিন্ন শ্রেণীতে ২২২ (দুইশত বাইশ) জন অতিরিক্ত ছাত্রী ভর্তিসহ সরকারি দায়িত্ব পালনে উদাসীনতা ও অবহেলা করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর “অসদাচরণ” ২(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

সংযুক্ত: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব রহিমা খাতুন
পিতা: মো: আব্দুল্লাহ
গ্রাম- জন্মেজয়
ডাকঘর: গফরগাঁও
থানা: গফরগাঁও
জেলা: ময়মনসিংহ।

বর্তমান ঠিকানা:

জনাব রহিমা খাতুন
সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান) কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব রহিমা খাতুন, সাবেক প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ, বর্তমানে সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান), কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে দায়িত্ব গ্রহণের পর হতে বিদ্যালয় পরিচালনায় সরকারি নিয়ম-কানুন না মেনে করোনা মহামারী সময় শিক্ষার্থীদের নিকট থেকে ১২৩০ (বারোশত ত্রিশ) টাকা করে অতিরিক্ত অর্থ উত্তোলন করার এবং সরকারি নীতিমালা উপেক্ষা করে বিভিন্ন শ্রেণীতে ২২২ (দুইশত বাইশ) জন অতিরিক্ত ছাত্রী ভর্তিসহ সরকারি দায়িত্ব পালনে উদাসীনতা ও অবহেলা করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়;

প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর “অসদাচরণ” ২ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;


(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব